গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
শাখা- ২০১ (কল্যাণ)
www.probashi.gov.bd

নং-৪৯.০০.০০০০.২০১.০০.০১৪.১৬-৪৯৯ তারিখঃ ২৭/০৭/২০১৬ খ্রিঃ।

বিষয় ঃ **বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনাবাসি বাংলাদেশি) নীতিমালা-২০১৫ অনুযায়ী ২০১৭ সালের জন্য সিআইপি (এনআরবি) নির্বাচনের লক্ষ্যে আগ্রহী অনাবাসি বাংলাদেশিদের নিকট হতে আবেদনপত্র সংগ্রহের নিমিত্ত ক্যাটাগরী ভিত্তিক তিনটি আবেদন ফর্মসহ বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনাবাসি বাংলাদেশি) নীতিমালা-২০১৫ অনুযায়ী ২০১৭ সালের জন্য সিআইপি (এনআরবি) নির্বাচনের লক্ষ্যে আগ্রহী অনাবাসি বাংলাদেশিদের নিকট হতে আবেদনপত্র সংগ্রহের নিমিত্ত সংযুক্ত ' বিজ্ঞপ্তি" ও ক্যাটাগরী ভিত্তিক তিনটি আবেদন ফরম তাঁহার দপ্তর সংশ্লিষ্ট ওয়েবসাইটে প্রচার এবং তা আগামী ৩১ আগস্ট, ২০১৬ তারিখ পর্যন্ত বহাল রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হ'ল।

সংযুক্তি ঃ বর্ণনামতে।

২৭/৭/১৬
(কালাচাঁদ সরকার)
সহকারী সচিব
ফোন-৯৩৫৭১১৮
e-mail:welfare6@probashi.gov.bd

বিতরণ ঃ কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

০১। মান্যবর রাষ্ট্রদূত/হাইকমিশনার/কনস্যুলেট জেনারেল
বাংলাদেশ দূতাবাস/হাইকমিশন/কনসাল জেনারেল অফিস
------------------ -------------------------------
(সংশ্লিষ্ট মিশন)।
বাংলাদেশি নাগরিক কর্তৃক প্রবাসে সর্বাধিক পঠিত দৈনিক পত্রিকায় সংযুক্ত বিজ্ঞপ্তিটি আগামী ০১ আগস্ট ২০১৬ অথবা এর পরবর্তী কোন সুবিধাজনক তারিখে প্রচার (বিজ্ঞপ্তি প্রচার ব্যয় ব্যতীত) এবং তাঁর দপ্তরের ওয়েবসাইটে আবেদন ফরমসহ বিজ্ঞপ্তি প্রচারের অনুরোধসহ ।

০২। মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।

০৩। ব্যবস্থাপনা পরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।

০৪। জনাব হোসাইন মোহাম্মদ মামুন, সহকারী প্রোগ্রামার, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।

ডাইরী নং ৩২৭৪ তারিখঃ ০৪/০৮/১৬
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, (সচিবের দপ্তর)
❖ যুগ্ম-সচিব (প্রঃ) ❖ উপ-সচিব
❖ যুগ্ম-সচিব (যুব) ❖ উপ-প্রধান
❖ যুগ্ম-সচিব (ক্রীড়া) ❖ একান্ত সচিব
সচিবের স্বাক্ষর

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব বিভাগ/মুখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়।
২. গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, বা/এ, ঢাকা।
৩. সিনিয়র সচিব/সচিব,.....যুব ও ক্রীড়া.............................................(সকল মন্ত্রণালয়/বিভাগ)।
৪. চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
৫. নির্বাহী চেয়ারম্যান, বিনিয়োগ বোর্ড, মতিঝিল, ঢাকা।
৬. বাংলাদেশ মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সেগুন বাগিচা, ঢাকা।
৭. প্রধান তথ্য অফিসার, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
১০. অতিরিক্ত সচিব (প্রশাসন), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
১১. অতিরিক্ত সচিব (কল্যাণ ও মিশন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
১২. উপসচিব (কল্যাণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
১৩. অফিস কপি।

যুগ্ম-সচিবের দপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
□ উপ-সচিব (প্রঃ)
□ উপ-সচিব (ক্রীড়া)
□ উপ-সচিব (ক্রীড়া-২)
□ উপ-সচিব (যুব)
□ উপ-সচিব (যুব-২)
□ উপ-প্রধান
নম্বর.....
তারিখ.....

উপ-সচিব (প্রশাসন)
ডাইরী নং.....
তারিখ ৭/৮/১৬
সিঃ সহঃ সচিব/সহঃ সচিব (.....)

D:\CIP(NRB)-2017\Advertisment For CIP.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
শাখা- ২০১ (কল্যাণ)
www.probashi.gov.bd

নং-৪৯.০০.০০০০.২০১.০০.০১৪.১৬-৫০২ তারিখঃ ২৭/০৭/২০১৬ খ্রিঃ।

# বিজ্ঞপ্তি

এতদ্বারা বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনাবাসি বাংলাদেশি), ২০১৭ নির্বাচনের লক্ষ্যে আগ্রহী সকল অনাবাসি বাংলাদেশির নিকট হতে নিম্নবর্ণিত ক্যাটাগরিসমূহে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| ক্রঃ/নং | ক্যাটাগরি | সংখ্যা | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|
| ১। | শিল্পখাতে বিনিয়োগকারী : বাংলাদেশে শিল্পক্ষেত্রে সরাসরি বিনিয়োগকারী (অনাবাসি বাংলাদেশি) সিআইপি (এনআরবি)। | সর্বোচ্চ ২০জন | (ক) ২০১৫-২০১৬ অর্থ বছরে অনাবাসি বাংলাদেশি কর্তৃক বাংলাদেশের শিল্পখাতে মূলধন হিসাবে ৩,০০,০০০ (তিন) লক্ষ মার্কিন ডলার সমপরিমাণ বা তদূর্ধ্ব পরিমাণ বৈদেশিক মুদ্রা বিনিয়োগ ;<br>(খ) শিল্প প্রতিষ্ঠানটি বাস্তবায়নাধীন হলে যন্ত্রপাতি আমদানির প্রমাণপত্র। |
| ২। | বৈদেশিক মুদ্রা প্রেরণকারীঃ বাংলাদেশে বৈধ চ্যানেলে সর্বাধিক মুদ্রা প্রেরণকারী (অনাবাসি বাংলাদেশি) সিআইপি (এনআরবি)। | সর্বোচ্চ ৫০জন | (ক) ২০১৫-২০১৬ অর্থ বছরে অপ্রত্যাবাসনযোগ্য ন্যূনতম ২,০০,০০০ (দুই লক্ষ) মার্কিন ডলার সমপরিমাণ অর্থ ব্যাংকসহ অন্যান্য বৈধ চ্যানেলে বাংলাদেশে প্রেরণ (প্রমানকসহ)। |
| ৩। | আমদানিকারক : বিদেশে বাংলাদেশি পণ্যের আমদানিকারক (অনাবাসি বাংলাদেশি) সিআইপি (এনআরবি)। | সর্বোচ্চ ২০ জন | (ক) ২০১৫-২০১৬ অর্থ বছরে অনাবাসি বাংলাদেশি কর্তৃক বাংলাদেশ হতে ন্যূনতম ৩,০০,০০০ (তিন লক্ষ) মার্কিন ডলার সমপরিমাণ বৈদেশিক মুদ্রার (Free on Board (FOB) বাংলাদেশি পণ্য আমদানি (প্রমানকসহ)। |

২। ক্যাটাগরি ভিত্তিক আবেদনের নির্ধারিত ফরম এবং বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনাবাসি বাংলাদেশি) নীতিমালা-২০১৫ এর কপি প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.probashi.gov.bd) জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর ওয়েবসাইট (www.bmet.org.bd) এবং ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ওয়েবসাইট (www.wewb.gov.bd) এবং সংশ্লিষ্ট দূতাবাস/মিশনের ওয়েবসাইট হতে ডাউনলোড করে সংগ্রহ করা যাবে।

৩। আগামী ৩১ আগষ্ট, ২০১৬ তারিখের মধ্যে ০২ সেট অফেরতযোগ্য আবেদন (প্রয়োজনীয় সকল তথ্যের প্রমানকসহ) সরাসরি এ মন্ত্রণালয়ে (সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২, পুরাতনএলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০) অথবা সংশ্লিষ্ট বাংলাদেশ দূতাবাস/মিশনে দাখিল করতে হবে। উল্লেখ্য, যে সকল দেশে বাংলাদেশ দূতাবাস/ মিশন নেই, সে সকল দেশের জন্য এক্রিডেশন প্রাপ্ত মিশনে আবেদন পত্র দাখিল করতে হবে।

৪। আবেদনপত্রের সাথে সদ্য তোলা দুই কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি সংযুক্ত করতে হবে।

৫। নির্ধারিত সময়ের পরে দাখিলকৃত আবেদন বাতিল বলে বিবেচিত হবে।

৬। অসম্পূর্ন এবং ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

৭। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন বা এতদসংক্রান্ত সকল কার্যক্রম বাতিল/ সংশোধন/ সংরক্ষণ করার ক্ষমতা কর্তৃপক্ষের এখতিয়ারভূক্ত।

০৮। বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনাবাসি বাংলাদেশি) নীতিমালা-২০১৫ অনুযায়ী প্রাপ্ত আবেদনপত্র যাচাইবাছাইসহ এতদসংক্রান্ত সকল কার্যক্রম গ্রহণ করা হবে।

২৭/৭/১৬

(কালাচাঁদ সরকার)
সহকারী সচিব
ফোন-৯৩৫৭১১৮
e-mail:welfare6@probashi.gov.bd